আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ওড়েনি জাতীয় পতাকা!

২১শে ফেব্রুয়ারি ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে জাতিয় পতাকা অর্ধনমিত রাখা হয়নি।

সরেজমিনে দুপুরে গিয়ে দেখা যায় সেখানে কোন জাতীয় পতাকা ওড়ানো হয়নি। কালীগঞ্জে মুক্তিযোদ্ধা সংসদের কোন কমিটি না থাকায় বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের দায়ীত্বে রয়েছে।

২১শে ফেব্রয়ারির সকল ভাষা শহীদদের স্মরণে দেশের সকল সরকারি বেসরকারি, আধাসরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ থাকলেও, তা অমান্য করে পতাকাই ওঠেনি মুক্তিযোদ্ধাদের সম্মানে তৈরি করা এই মুক্তিযোদ্ধা ভবনে।

এ ব্যাপারে কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুর্বণা রানী সাহার কাছে জানতে চাইলে তিনি জানান, নিয়মিত ভবনটিতে পতাকা উত্তোলন করা হয়। আজ কেন হয়নি সেই ব্যাপারে আমি এখনও অবগত না। এ ব্যাপারে আমি এখনই ব্যবস্থা নিচ্ছি।

সদ্য সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার হেলার উদ্দিন সরদার বলেন, আমাদের চার্জে এখন উপজেলা নির্বাহী অফিসার। শুনেছি ভাষা দিবসের মিটিং হয়েছে কিন্তু আমাকে কোন চিঠি দেওয়া হয়নি তাই এ ব্যাপারে আমি অবগত না। ভাষার জন্য যুদ্ধ আর কোন জাতি করেনি তাইতো এই দিনটি পেয়েছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সম্মান। আমি এর ঠিক জবাব ও বিচার চাই।

বিষয়টি নিয়ে কালীগঞ্জের বিভিন্ন মহলে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদা ও নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান শহীদ ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস। একুশের প্রথম প্রহরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অবস্থিত উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে হাজারো মানুষের সুনশান নিরবতা ভেঙ্গে রাত ০০.১ মিনিটে ফুলের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মধ্য দিয়ে দিবসটি পালন শুরু করা হয়।

প্রথম প্রহরে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শহীদ বেদীতে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন ও পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পারকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকিসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

পরে একে একে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, প্রেসক্লাবসহ সর্বস্তরের মানুষ শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা আর একুশের চেতনা বাস্তবায়নের শপথ ও দোয়া করা হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষে সকাল ৮টায় সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে থেকে প্রভাত ফেরী বের করা হয়।

প্রভাতফেরী র্যালীটি শহরের প্রধাণ প্রধাণ সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্তর শেষ হয়। এতে উপজেলা চেয়ারম্যান, নির্বাহী অফিসার, প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, ফায়ার সার্ভিস,

রোভার স্কাউট সহ নানা শ্রেণী-পেশার মানুষ অংশ নেন। পরে আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

মহেশপুরে হনুমান সংরক্ষণ কার্যক্রমের উদ্বোধন

গত শুক্রবার বিকালে ঝিনাইদহের মহেশপুরের ভবনগর গ্রামে হনুমান সংরক্ষণ কার্যক্রমের উদ্বোধন করেন প্রধান বন সংরক্ষক মোঃ আমির হোসেন চৌধুরী।

বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ যশোর সাজ্জাদুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন, প্রধান বন সংরক্ষক আমির হোসাইন চৌধুরী।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, যশোর বন সংরক্ষক মোল্লা রেজাউল করিম, মহেশপুর উপজেলা চেয়ারম্যান ময়জদ্দীন হামীদ, কুষ্টিয়া বিভাগীয় বন কর্মকর্তা সালেহ মোহাম্মদ সোহাইদ খাঁন, যশোর সহকারী বন সংরক্ষক অমিতা মন্ডল, মহেশপুর প্রেস ক্লাবের সভাপতি আব্দুর রহমান।

উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর ফোরেস্টার এমএম মিজানুর রহমান, কালীগঞ্জ ফোরেস্টার আলাউদ্দিন, ইউপি চেয়ারম্যান আমান উল্লাহ হক, মহেশপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এসএম এনামুল হক দুলু, যুগ্ম-সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সাংবাদিক এসএম রাজন, নাজমুল হোসেন প্রমুখ।

উল্লেখ্য, ভবনগর গ্রামে দীর্ঘদিন ধরে ২শতাধিক হনুমান রয়েছে। খাদ্য সংকটের কারণে হনুমানগুলি ক্ষেত খামারে ও লোকজনের বাড়িতে উপদ্রব করায় অনেকেই বিরক্ত হয়ে হনুমানের ক্ষতি করছে এমনি অঙ্গহানি ও ফাঁদে জড়িয়ে হনুমান মারা হয়েছে। এ সংক্রান্ত গণমাধ্যমে বিভিন্ন সময় সংবাদ প্রকশিত হয়।

প্রধান বন সংরক্ষক সিসিএফ আমির হোসেন প্রধান বন কর্মকর্তার নির্দেশে ঐ গ্রাম সরেজমিন পরিদর্শন করেন এবং গত শুক্রবার সরকারিভাবে হনুমানগুলোর খাদ্য সরবরাহের উদ্বোধন করা হয়েছে। একই সাথে তিনি কোটচাঁদপুরে বন ভিভাগের দ্বিতল ভবনের উদ্ধোধন করেন।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া ইউনিয়ন ফুটবল টুর্নামেন্ট’র উদ্বোধন

ঝিনাইদহে ভাষাসৈনিক মুসা মিয়া আন্তঃ ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২১এর উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার দুপুর ৩টায় জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে, জাহেদী ফাউন্ডেশনের পৃষ্ঠপোষকতায় ও জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে প্রধান অতিথি থেকে উদ্বোধন করেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই।

বিশেষ অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ’র অতিরিক্ত এটর্নি জেনারেল এ্যাড. এস এম মুনীর, ব্রিগেডিয়ার জেনারেল(অব.) মাহবুব হাসান, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, ঝিনাইদহ পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য কাইয়ূম শাহরিয়ার জাহেদী হিজল প্রমুখ।

উদ্বোধনী খেলায় অংশ গ্রহণ করে সদর উপজেলার ১নং সাধুহাটি ইউনিয়ন একাদশ বনাম ৫নং কুমড়াবাড়ীয়া ইউনিয়ন একাদশ। টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

কালীগঞ্জে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ছুরিকাঘাতে যুবকের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার আড়পাড়া গ্রামে মধ্যরাতে নেশাগ্রস্ত ব্যক্তির ছুরিকাঘাতে ইসরাফিল হোসেন (৩৮) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। তিনি পৌর এলাকার আড়পাড়া গ্রামের ওসমান আলীর ছেলে।

এ ঘটনায় পুলিশ শিবনগর গ্রামের শরিফুল ইসলামের ছেলে রানাকে আটক করেছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে রাত সাড়ে বারোটার দিকে রানার সাথে অজ্ঞাত ব্যক্তিদের মারামারি শুরু হয়। এ সময় ইসরাফিল হোসেন ঠেকাতে গেলে তাকে ছুরিকাঘাত করে হত্যা করা হয়।

রাত ১২ টার দিকে রানা শিবনগর এলাকায় মানিক দাসের বাড়িতে মদ খেয়ে মাতলামি করেন। এ সময় মানিক দাসের স্ত্রী ও ছেলে বিধানকে মারধর ও গালাগালি করে রানা। হঠাৎ ইসরাফিল এসে মাতাল রানাকে নিয়ে যাওয়া চেষ্টা করেন। এরপরই মানিক দাসের বাড়ির ২০ গজ দূরে ইসরাফিল চিৎকার করেন।

স্থানীয়রা এসে দেখতে পান ইসরাফিল মাটিতে পড়ে আছেন। এরপর তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। ছুরিকাঘাতের পর স্থানীয়রা রানাকে দৌড়ে পালাতে দেখেছেন।

মানিকের স্ত্রী পারুল দাস জানান, পাশাপাশি বাড়ি হওয়ায় রানা প্রায়ই আমাদের বাড়িতে আসতো। গত শুক্রবার রাতে সে ঢুলতে ঢুলতে আমাদের বাড়িতে আসে। এ সময় গালিগালাজ ও আমাকে, আমার ছেলেকে মারধর করে। ওর মাকে নিয়ে যেতে বললে ইসরাফিল এসে নিয়ে যাওয়ার চেষ্টা করে। এর আধাঘন্টা পর ইসরাফিলের মৃত্যুর সংবাদ শুনি। মাঝে মাঝে রানা মদপান করতো।

পুলিশ ইসরাফিল হত্যার সঙ্গে জড়িত থাকার অভিযোগে রানা নামে এক যুবককে গ্রেপ্তার করেছে। গ্রেপ্তারের পর রানা মাদকাসক্ত থাকায় তাকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

বিষয়টি নিয়ে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে কর্তব্যরত চিকিৎসক ডাক্তার মোঃ ইমতিয়াজ আলম তরু সাংবাদিকদের জানান ইসরাফিল হাসপাতলে পৌঁছানোর আগেই মারা যায়। তার পেটে উপর্যুপরি ছুরিকাঘাত করার ফলে নাড়িভুঁড়ি বের হয়ে গেছে। তাছাড়া এ হত্যাকাণ্ডের সাথে জড়িত থাকার অভিযোগে গ্রেফতারকৃত রানার মুখ দিয়ে অ্যালকোহল এর গন্ধ পাওয়া যাচ্ছিল। চিকিৎসকদের ধারণা মাদকাসক্ত বা মাতাল অবস্থায় রানা সংঘর্ষে লিপ্ত হয়েছিল।

কালীগঞ্জ থানার ওসি মুহাঃ মাহফুজুর রহমান জানান, তুচ্ছ ঘটনায় ছুরিকাঘাতে একজনকে হত্যা করা হয়েছে। পুলিশ হত্যাকাণ্ডে জড়িত রানাকে আটক করেছে।

কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে নৌকার পক্ষে পরিবেশক সমিতির প্রচারণা

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচনকে সামনে রেখে নৌকার মেয়র প্রার্থী আশরাফুল আলমের পক্ষে গণসংযোগ করেছে কালীগঞ্জ উপজেলা পরিবেশক সমিতি।

গণসংযোগকালে সমিতির সদস্যরা কালীগঞ্জের মধুগঞ্জ সংলগ্ন বাজার ও আশপাশের এলাকায় সাধারণ মানুষের মাঝে লিফলেট বিতরণ করেন এবং নৌকা মার্কায় ভোট দেওয়ার অনুরোধ জানান।

এ সময় উপস্থিত ছিলেন সমিতির সভাপতি সদর উদ্দিন, ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আজম হোসেন, পল্লব কুমার মৈত্রসহ সমিতির অনান্য সদস্যরা।

পরিবেশক সমিতির সভাপতি সদর উদ্দিন বলেন, কালীগঞ্জ পৌরসভার

উন্নয়নের ধারা অব্যাহত রাখতে ও উন্নত নাগরিক সেবা নিশ্চিত করতে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থীকে নির্বাচিত করুন। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উপর আস্থা রেখে নৌকার প্রার্থীকে ভোট দিন।

হরিণাকুণ্ডে নার্সকে ইভটিজিংয়ের দায়ে দুই যুবকের কারাদণ্ড

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বেসরকারি হাসপাতালের নার্সকে ইভটিজিংয়ের দায়ে দুই যুবককে এক মাস করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শুক্রবার দুপুরে উপজেলার চরপাড়া বাজার এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই কারাদণ্ডের আদেশ দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট। কারাদণ্ড প্রাপ্তরা হলো-উপজেলার টাকিয়ারপোতা গ্রামের জহির মন্ডলের ছেলে হজরত (২০) ও দুর্লভপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে হালিম হোসেন (২৩)।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও ইউএনও সৈয়দা নাফিস সুলতানা জানান, দুপুরে উপজেলার চরপাড়া বাজার এলাকায় এক জন নার্সকে উত্ত্যক্ত করার সময় ওই দুই যুবককে এলাকাবাসী ধরে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের মাধ্যমে তাদেরকে অবহিত করেন। পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে প্রত্যেককে এক মাস করে বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা করে জরিমানা করা হয়।

এ সময় এসিল্যান্ড রাজিয়া আক্তার চৌধুরী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিসিক’র আয়োজনে মতবিনিময় সভা

গতকাল শুক্রবার বিকাল ৪ টায় ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিসিক শিল্প নগরী ঝিনাইদহের আয়োজনে বিসিক মালিক সমিতি, নাসিব, জেলা চেম্বার ও স্থানীয় উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ মোশতাক হাসান, অতিরিক্ত সচিব ও চেয়ারম্যান, বিসিক।

সভাপতিত্ব করেন সরোজ কুমার নাথ, জেলা প্রশাসক ঝিনাইদহ। এছাড়াও সভায় উপ¯◌িথত ছিলেন মোঃ আরিফুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক, সেলিনা রহমান মিনা, উপ-ব্যবস্থাপক বিসিক ঝিনাইদহ, সফল উদ্যোক্তা ড. হারুনর রশীদ প্রতিষ্ঠাতা সৃজনী বাংলাদেশ পাশাপাশি স্থানীয় তরুণ উদ্যোক্তা সফিক রেহমান জুয়েল, সামির সাকির, বাপ্পি উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

প্রধান অতিথি স্থানীয় উদ্যোক্তাদের জন্য বিসিক ঝিনাইদহের এরিয়ার মধ্যে নতুন করে আরো প্লট বরাদ্দের ব্যবস্থাসহ তরুণ উদ্যোক্তাদের লোনের ব্যবস্থা ও পণ্য বিপননের একটা মাল্টি শপিং কমপ্লেক্স বাস্তবায়ন করার প্রতিশ্রুতি দেন।

আগামী ২০৪১ সালের মধ্যে উদ্যোক্তাদের সমন্বয়ে শিল্পোন্নত সোনার বাংলাদেশ হবে এই প্রত্যাশা করে সভাপতি মতবিনিময় সভার সমাপ্তি করেন।

ঝিনাইদহে বিডা’র উদ্যোক্তাদের মিলনমেলা

তারুণ্যের শক্তি বাংলাদেশের সমৃদ্ধি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে প্রধানমন্ত্রীর কার্যালয়ের বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) থেকে প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তাদের মিলনমেলা

অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে গতকাল শুক্রবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রান্তিক শিশু পল্লীতে গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে বিডার প্রশিক্ষক সমন্বয়ক আবুল কালাম আজাদ, উদ্যোক্তা ইসাহাক আলী, গোলাম মোস্তফা চঞ্চল, শফিক মেহমুদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, দেশকে অর্থনৈতিক মুক্তির জন্য কাজ করতে সকলের প্রতি আহ্বান জানান। মিলন মেলায় বিডা থেকে প্রশিক্ষণ প্রাপ্ত ১৪ টি ব্যাচের উদ্যোক্তারা অংশ নেয়। পরে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

ঝিনাইদহে ছড়িয়ে পড়েছে গরুর খুরা রোগ, খামারিরা আতঙ্কে

ঝিনাইদহ সদর উপজেলার ৭নং মহারাজপুর ইউনিয়নসহ এর আশপাশ জুড়ে ছড়িয়ে পড়েছে গরুর খুরারোগ। এতে অনেক গরু মারা যাচ্ছে বলে গরু খামারিদের মধ্যে অতঙ্ক ছড়িয়ে পড়েছে।

খুরারোগ মুখে ঘা ও জ্বরের লক্ষণ নিয়ে হঠাৎ করে গত কয়েক দিনের মধ্যে সদর উপজেলার ৭ নং মহারাজ পুর ইউনিয়নের বিষয়খালী গ্রামের মোঃ মোশারেফ হোসেন , পলাশ, পল্লব ঘোষ, খোন্দকার মোঃ রবিউল ইসলাম, কেশব পুর গ্রামের রুহুল আমিন এর ৭ দিনের বাছুরসহ বেশ কয়েক জনের কয়েকটি গরু মারা যাওয়ার কারণে গ্রামের গরু খামারি ও কৃষকদের মাঝে ব্যাপক আতঙ্ক সৃষ্টি হয়েছে। ইউনিয়নের একুশটি গ্রামসহ আশেপাশে ছোট বড় বেশ কিছু গরুর খামার রয়েছে, হটাৎ এই ভাবে গরু মারা যাওয়ার কারণে প্রত্যেকটি গরুর খামারিরা ব্যাপক ঝুকির মধ্যে পড়ে গেছে। যে খামারে এ খুরারোগ দেখ দিচ্ছে সেই গরু সহজে আর চিকিৎসা করা যাচ্ছেনা। তার বেশির ভাগই মারা যাচ্ছে। একারণে এলাকাজুড়ে আতঙ্ক দেখা দিয়েছে। এব্যাপারে এলাকার সাধারণ কৃষক এবং খামারিদের মধ্যে পশু চিকিৎসক ও উপজেলা প্রাণিসম্পদ

উন্নয়ন কেন্দ্রের প্রতি যথেষ্ট ক্ষোভের সৃষ্টি হয়েছে।

তারা বলেন, অফিসে খবর দিলেও ঠিকমত চিকিৎসকরা এলাকাতে যান না বা খোঁজ খবর নেননা। মাঝে মাঝে একজন ডাক্তার পাঠান, প্রয়োজনীয় পশু চিকিৎসক এবং টিকার পর্যাপ্ত অভাব রয়েছে বলে তারা জানিয়েছেন। এব্যাপারে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সুব্রত কুমার ব্যানার্জী বলেন বিষয়খালী এলাকায় গরুর খুরা রোগ দেখা দিয়েছে বলে আমরা জেনেছি এবং সে ব্যাপারে যথেষ্ঠ তৎপরতা চালাচ্ছি। পর্যাপ্ত টিকার ব্যবস্থা করেছি এবং এলাকার দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী কর্মকর্তাকে সর্তকতার সাথে বিষয়টি দেখার জন্য বলা হয়েছে। গরু একটি অর্থ উর্পাজনের মাধ্যম সে কারণে উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তর আরও দায়িত্বশীল ভূমিকা রাখবেন বলে এলাকাবাসী আশা করে।